



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা গারভীন সড়ক
বড় মগবাজার, রমনা
ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৩৫

তারিখ: ১৯ পৌষ ১৪২২ বাংলা
১২ জানুয়ারী ২০১৬ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা

সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠান

ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠানের লিয়াজোঁ অফিস প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ৯(১) অনুযায়ী ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ে অবস্থানপূর্বক প্রধান নির্বাহী কর্মকর্তার সার্বক্ষণিক দায়িত্ব পালনের বিষয়টি স্পষ্ট। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠান তাদের প্রধান কার্যালয়ের বাইরে বিশেষ করে ঢাকা বা তৎসংলগ্ন এলাকায় লিয়াজোঁ অফিস স্থাপন করে উক্ত লিয়াজোঁ অফিসে প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা দীর্ঘদিন যাবৎ অবস্থান করেন এবং ক্ষুদ্রখণ্ড খাত হতে উক্ত অফিস পরিচালনার ব্যয় নির্বাহ করা হয়ে থাকে। প্রাথমিক নিবন্ধনকারী কর্তৃপক্ষ, এমআরএ, অর্থায়নকারী সংস্থা, দাতা সংস্থাসহ দেশি-বিদেশি বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষার নিমিত্ত উক্ত লিয়াজোঁ অফিস স্থাপন করা হলেও অথরিটি কর্তৃক পরিদর্শনে দেখা যায় যে, যে সকল প্রতিষ্ঠানের লিয়াজোঁ অফিস রয়েছে তারা সকলেই উক্ত অফিসের নামে ক্ষুদ্রখণ্ডের অর্থ অপ্রয়োজনীয়ভাবে ব্যয় করছে যা সমীচীন নয় মর্মে অথরিটি মনে করে।

এমতাবস্থায়, ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠানগুলোকে লিয়াজোঁ অফিস স্থাপন বন্ধ করার জন্য বা লিয়াজোঁ অফিস থাকলেও ক্ষুদ্রখণ্ড খাত হতে উক্ত অফিসের ব্যয় নির্বাহ না করার জন্য সংশ্লিষ্ট সকল ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠানকে পরামর্শ দেয়া হলো। এ প্রসংগে ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তাকে প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ে অবস্থানপূর্বক উপরোক্তিত বিধি মোতাবেক দায়িত্ব পালনেরও পরামর্শ দেয়া হলো।

বিষয়টি অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোশাররফ হোসেন খান)

পরিচালক

ফোনঃ ৮৩৩৩৬৩৬

অনুলিপি নং- ৫০.০১.০০০০.০০৯.০১.০০৩.২০১৬- ২০২৮ (৮১০)

তারিখঃ ৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক বৃত্তি, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জেনেরেল স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পঞ্জী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)

উপ-পরিচালক

ফোনঃ ৮৩১৫৭৯৯।